



কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) CONSUMERS ASSOCIATION OF BANGLADESH (CAB)

বাড়ী নং- ৮/৬ সেগুন বাগিচা
ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন : ৮৮-০২-৯৫৬২৮৫৮
ফ্যাক্স : ৮৮-০২-৯৫৭৭৫৪২

E-mail : cabdhaka2013@gmail.com
Website : www.consumerbd.org

HOUSE NO. 8/6 SEGUNBAGICHA
DHAKA-1000, BANGLADESH
PHONE : 88-02-9562858
FAX : 88-02-9577542

সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ৩০ মে ২০২০

গণপরিবহণের ভাড়া বৃদ্ধির সুপারিশ অগ্রহণযোগ্য ও সুবিবেচনাপ্রসূত নয়

দেশে বিদ্যমান কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের ফলে বিদ্যমান সংকটকালীন সময়ে ঢাকাসহ দেশের দূরপুল্লার রুটে গণপরিবহণের বাস ভাড়া নির্ধারণের জন্য বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)-এর 'বাস ভাড়া পুনর্নির্ধারণ কমিটি'র এক সভা আজ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় করোনার মহামারীর আপদকালীন সময়ে বাস ভাড়া ৮০ শতাংশ বৃদ্ধি করার সুপারিশ করা হয়েছে বলে সংবাদ মাধ্যমে জানা যায়। কমিটির বাস ভাড়া বৃদ্ধির এই সুপারিশ অগ্রহণযোগ্য ও সুবিবেচনাপ্রসূত হয়নি বলে কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) মনে করে।

এমনিতেই যখন দুই মাসের বেশী সময়ের জন্য লকডাউনের কারণে দেশের অধিকাংশ জনগণের আয়ের সংস্থান নেই তখন বাস ভাড়া ৮০ শতাংশ বৃদ্ধি করে গণপরিবহণের আর্থিক ক্ষতি পুষিয়ে নেয়ার জন্য বাড়তি ভাড়া যাত্রীদের ওপর চাপিয়ে দেয়ার প্রচেষ্টা কোনভাবেই মেনে নেয়া যায় না। যেহেতু প্রতিটি বাসে ৫০ শতাংশ সিট খালি রাখার সিদ্ধান্ত নেয়া হয়েছে তাই বাস মালিকদের যেন আর্থিক ক্ষতির মুখোমুখি না হতে হয় সেজন্য সরকার অন্যান্য শিল্প-বাণিজ্যের ন্যায় গণপরিবহণের জন্যও আর্থিক প্রণোদনা বা ভর্তুকি এবং স্বল্প সুদে ব্যাংক ঋণের ব্যবস্থা গ্রহণ করতে পারে। বিগত কয়েক দশকের মধ্যে জ্বালানি তেলের দাম বিশ্ব বাজারে এখন সর্বনিম্ন পর্যায়ে নেমে এসেছে, তাই বিশ্ব বাজারের সাথে দেশে জ্বালানি তেলের দাম সমন্বয় করা হলে বাস ভাড়া বৃদ্ধি করার আদৌ প্রয়োজন হবে না। বরং গণপরিবহণের ভাড়া কমানোর সুযোগ তৈরি হতে পারে। এই দুর্যোগকালীন সময়ে বাস ভাড়ার বাড়তি চাপ জনগণের ওপর যেন কোনভাবেই না পড়ে তা সেজন্য সরকারকে দ্রুত পদক্ষেপ নিতে হবে। কোন রুটে গণপরিবহণের মালিকেরা বাস চালাতে অস্বীকৃতি জানালে সেক্ষেত্রে বিআরটিএ'র মাধ্যমে বাস চালানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

এই দুর্যোগের সময়ে রেল ও নৌ পরিবহনখাতে ভাড়া না বাড়ানোর সিদ্ধান্তের জন্য সরকার ও লঞ্চ মালিকদের প্রতি ক্যাব ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছে।

ক্যাব মনে করে, বাসের ভাড়া বৃদ্ধি করা হলে এর প্রভাব অন্যান্য খাতেও পড়বে, মুদ্রা স্ফীতি দেখা দেবে, দেশের অর্থনীতি ক্ষতিগ্রস্ত হবে এবং জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি পাবে।

ক্যাব আশা করে, দেশের জনগণের কষ্ট ও দুর্ভোগের কথা বিবেচনা করে গণপরিবহণের ভাড়া বৃদ্ধির পদক্ষেপ হতে সরকার বিরত থাকবে এবং ভোক্তাদের আর যেন দুর্ভোগে পড়তে না হয় সেজন্য সরকার দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(গোলাম রহমান)
সভাপতি, ক্যাব।